

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩৩৫  
আগরতলা, ৩০ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনে  
প্রতিষ্ঠিতা করছেন ৯ জন প্রার্থী

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় আসনে প্রতিষ্ঠিতা করছেন মোট ৯ জন প্রার্থী। আজ ছিলো এই সংসদীয় আসনে প্রার্থীদের মনোনয়নপত্র প্রত্যাহার করার শেষদিন। এই সংসদীয় আসনে স্বীকৃত জাতীয় ও রাজ্য রাজনৈতিক দলসমূহের প্রার্থীগণ হলেন ভারতীয় জাতীয় কংগ্রেসের আশিষ কুমার সাহা ও ভারতীয় জনতা পার্টির বিপ্লব কুমার দেব। নিবন্ধনকৃত রাজনৈতিক দলসমূহের প্রার্থীগণ হলেন সোস্যালিষ্ট ইউনিট সেন্টার অফ ইন্ডিয়া (কমিউনিষ্ট)-এর অরুণ কুমার ভৌমিক ও রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া (এ)-এর অর্গব রায়। অন্যান্য প্রার্থীগণ হলেন গৌরী শংকর নন্দী (নির্দল), বলরাম দেববর্মা (নির্দল), ব্রজলাল দেবনাথ (নির্দল), মিলনপদ মুড়াসিং (নির্দল) ও রমেন্দ্র রিয়াৎ (নির্দল)। অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ইউ জে মগ এই সংবাদ জানান।

\*\*\*\*\*